



জেলা পরিষদ
ফেনী
www.zpfeni.gov.bd



শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

ফেনী রাজাঝির দিঘী ও বিভিন্ন পুকুর ইজারার দরপত্র বিজ্ঞপ্তি ০১/২০২৩-২০২৪

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, জেলা পরিষদ, ফেনী'র মালিকানাধীন নিম্নবর্ণিত রাজাঝির দিঘী ও পুকুর সমূহ আগামী ০১.০১.২০২৪ খ্রি: হতে ৩১.১২.২০২৬ খ্রি: পর্যন্ত ০৩(তিন) বছরের জন্য শুধুমাত্র মাছ চাষের নিমিত্ত ইজারা প্রদানের লক্ষ্যে সীলমোহরকৃত খামে দরপত্র আহবান করা যাচ্ছে। দরপত্রসমূহ নিম্নবর্ণিত তারিখ ও অফিস চলাকালীন পর্যন্ত প্রতিসেট ১,০০০/- (এক হাজার) টাকা (দিঘীর জন্য) ও ৫০০/- (পাঁচশত) টাকা (পুকুরের জন্য) অফেরতযোগ্য মূল্যে নিম্নস্বাক্ষরকারীর দপ্তর হতে ক্রয় করা যাবে। প্রতিটি দরপত্রের সাথে উদ্ধৃত দরের ৫০% অর্থ জামানত হিসেবে ফেনী জেলার যে কোন তফসিলি ব্যাংক হতে পে-অর্ডার/ব্যাংক ড্রাফট আকারে প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, ফেনীর বরাবরে দাখিল করতে হবে। অন্যথায় দরপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে। ইজারা অনুমোদন সংক্রান্ত পত্র প্রাপ্তির ০৭(সাত) দিনের মধ্যে ১৫% ভ্যাট ও ১০% আয়করসহ ইজারার অবশিষ্ট অর্থ জমা দিয়ে ৩০০/- (তিনশত) টাকা মূল্যের নন-জুডিশিয়াল স্ট্যাম্প চুক্তিনামা সম্পাদন পূর্বক দখল বুঝে নিতে হবে। ইজারার শর্তাবলী দরপত্রের ফরমের সাথে সংযুক্ত আছে। দরপত্র সংক্রান্ত যাবতীয় তথ্যাদি দরপত্র দাখিলের পূর্বদিন অফিস চলাকালীন পর্যন্ত অত্র কার্যালয় হতে এবং জেলা পরিষদ, ফেনী'র ওয়েব সাইট (www.zpfeni.gov.bd) হতে জানা যাবে।

ডাক	দিঘী/পুকুরের নাম	দরপত্র বিক্রির তারিখ ও সময়	দরপত্র দাখিলের তারিখ ও সময়	দরপত্র খোলার তারিখ ও সময়	মন্তব্য
১ম ডাক	১। ফেনী রাজাঝির দিঘী	পত্রিকায় প্রকাশের তারিখ হতে ১১.১০.২০২৩ খ্রি: তারিখ পর্যন্ত	১২.১০.২০২৩ খ্রি: তারিখ বেলা ১.০০ টা পর্যন্ত	১২.১০.২০২৩ খ্রি: তারিখ বেলা ৩.০০ টায়	১ম ডাকে দাখিলীয় দর সন্তোষজনক না হলে
২য় ডাক	২। দাগনভূঁঞা উপজেলাধীন সুজাতপুর ডাকবাংলো পুকুর	১৮.১০.২০২৩খ্রি: তারিখ হতে ২৫.১০.২০২৩খ্রি: তারিখ পর্যন্ত	২৬.১০.২০২৩ খ্রি: তারিখ বেলা ১.০০ টা পর্যন্ত	২৬.১০.২০২৩ খ্রি: তারিখ বেলা ৩.০০ টায়	২য় ডাকে দাখিলীয় দর সন্তোষ জনক না হলে ৩য় ডাক পর্যন্ত দরপত্র সিডিউল বিক্রি ও গ্রহণ করা হবে।
৩য় ডাক	৩। সোনাগাজী উপজেলাধীন চরলামছি ডুবা পুকুর।	০৮.১১.২০২৩ খ্রি: তারিখ হতে ১৯.১১.২০২৩ খ্রি: তারিখ পর্যন্ত	২০.১১.২০২৩ খ্রি: তারিখ বেলা ১.০০ টা পর্যন্ত	২০.১১.২০২৩ খ্রি: তারিখ বেলা ৩.০০ টায়	

ইজারায়োগ্য দিঘী ও পুকুরের তথ্যাবলি

ক্রঃ নং	ইজারাকৃত দিঘী/পুকুরের নাম	প্রত্যাশিত দর	দরপত্র মূল্য
১।	ফেনী রাজাঝির দিঘী।	১৬,৬২,০০০/-	১,০০০/-
২।	দাগনভূঁঞা উপজেলাধীন সুজাতপুর ডাকবাংলো পুকুর।	২,৪৩,৭৫০/-	৫০০/-
৩।	সোনাগাজী উপজেলাধীন চরলামছি ডুবা পুকুর।	৫০,০০০/-	৫০০/-

অসম্পূর্ণ দরপত্র ও সকল শর্ত পালন ব্যতীত যে কোন দরপত্র অথবা সকল দরপত্র যে কোন কারণ দর্শানো ব্যতিরেকে বাতিল কিংবা গ্রহণ করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

(আজহার আলী) ১২/১০/২৩
প্রধান নির্বাহী কর্মকর্তা (ভাঃ প্রাঃ)
জেলা পরিষদ, ফেনী।
ফোন নং-০২৩৩৪৪৭২৪০১
E-mail.ceozpfeni@gmail.com